# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. ৫. ৪. ১১. ওয়র্শিপ অর্থ কদমবুসি

যীশু বলেছেন যে, ইহুদিদেরকে তিনি খ্রিষ্টানদের সামনে নত করাবেন এবং ইহুদিরা খ্রিষ্টানদের পায়ে পড়ে ‘ইবাদত’ (worship) করবে। প্রকাশিত বাক্য ৩/৯: “I will make them of the synagogue of Satan, which say they are Jews, and are not, but do lie; behold, I will make them to come and worship before thy feet: যারা নিজেদেরকে ইহুদি বলে অথচ ইহুদি নয়, শয়তানের দলের (শয়তানের সিনাগগের) সেই মিথ্যাবাদী লোকদের আমি তোমার কাছে আনব যেন তারা তোমার পায়ে পড়ে ইবাদত করে।”

“worship before thy feet: তারা তোমার পায়ে পড়ে ইবাদত করবে” কথাটার অনুবাদ কেরি: “তোমার চরণ সমীপে তাহাদিগকে উপস্থিত করাইয়া প্রণিপাত করাইব।” জুবিলী বাইবেল: “ওদের এনে আমি তোমার পায়ের সামনে প্রণিপাত করতে বাধ্য করব।” কি. মো. “তোমার পায়ের কাছে কদমবুসি করাব”।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13850

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন